JUN. 20 2002
তারিখ ...
পৃষ্ঠা ৩ কলাম ৬

দৈনিক সংবাদ

# জুনেই এসএসসির ফল প্রকাশ

নিজস্ব বার্তা পরিবেশক : এ মাসেই এসএসসি পরীক্ষার ফল প্রকাশিত হবে। শিক্ষা মন্ত্রণালয়ের একটি দায়িত্বশীল সূত্র জানায়, ফল প্রকাশের প্রক্রিয়া প্রায় চূড়ান্ত হয়ে গেছে। এ মাসের শেষ সপ্তাহের কোন একদিন এ ফল প্রকাশিত হবে। সূত্র, জানায়, এ মাসের মধ্যে ফল প্রকাশের বিষয়টি চূড়ান্ত হয়েছে, তবে তারিখটি এখনও নির্ধারিত হয়নি।

ঢাকা বোর্ডের গণিত পরীক্ষায় গ্রেস মার্ক প্রদানের সিদ্ধান্তের ব্যাপারে জানতে চাইলে সূত্র জানায়, গণিতে গ্রেস মার্ক দেয়ার বিষয়টি নিয়ে সংশ্লিষ্ট বোর্ড এবং মন্ত্রণালয়ের মধ্যে আলোচনা চলছে। কোন্ প্রক্রিয়ায় গ্রেস দেয়া হবে এ বিষয়টি এখন চূড়ান্ত করা হচ্ছে। এ নিয়ে ইতোমধ্যে কয়েক দফা বৈঠক হয়েছে। গতকালও এ ব্যাপারে একটি বৈঠক হয়। দু'এক দিনের মধ্যে বিষয়টি চূড়ান্ত হবে।